ভোরের কাগজ

তারিখ SEP 6 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

29

# নীলফামারীর প্রায় ১ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

নীলফামারী প্রতিনিধি : নীলফামারী জেলায় মোট ৯৭ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। এ সব শিশুর মধ্যে ৪৩ হাজার বালিকা বলে এক জরিপে জানা গেছে।

এ বছর জেলার ছয়টি থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ পরিচালিত হয়। জরিপ প্রতিবেদন অনুযায়ী জেলায় ৬ বছর থেকে ১০ বছর বয়সের শিশুর সংখ্যা হচ্ছে ২ লাখ ৪২ হাজার ৭১৭ জন। এর মধ্যে ১ লাখ ১৭ হাজার ১৩৩ জন বালিকা। বিদ্যালয়ে যায় এমন শিশুর সংখ্যা হচ্ছে ২ লাখ ৭ হাজার ৭৭৬ জন। স্কুলে যায় না ৩৪ হাজার ৪৯২ জন, যাদের মধ্যে ১৬ হাজার ৪২০ জন বালিকা। একই প্রতিবেদন অনুযায়ী জেলায় ১১ থেকে ১৭ বছর বয়সের মোট শিশু রয়েছে ১ লাখ ৯০ হাজার ৪২৭ জন। এর মধ্যে ৮৮ হাজার ১৮৯ জন বালিকা। শিক্ষা প্রতিষ্ঠানে যাচ্ছে ১ লাখ ২৭ হাজার ৯৪৬ জন, যাদের মধ্যে বালিকা ৬১ হাজার ৪৬৯ জন। স্কুলে যায় না এমন শিশুর সংখ্যা ৬২ হাজার ১৩৫ জন। এর মধ্যে বালিকার সংখ্যা ২৬ হাজার ৫৭৯ জন।

জেলা প্রাথমিক শিক্ষা দপ্তরের তথ্য অনুযায়ী জেলায় ৪৭২টি সরকারি, ৪৪৮টি রেজিস্টার্ড বেসরকারি, ৮৭টি আনরেজিস্টার্ড বেসরকারি, ২৮টি কিন্ডারগার্টেন, ২৭টি স্যাটেলাইট, ২৬টি কমিউনিটি, ১৪১টি এনজিও পরিচালিত, দুটি উচ্চ বিদ্যালয় (সংযুক্ত) এবং একটি পিটিআই (সংযুক্ত)সহ সর্বমোট ২ হাজার ৪২২টি বিদ্যালয় রয়েছে।

জরিপ প্রতিবেদন অনুযায়ী ৬ থেকে ১০ বছর বয়সের মোট ৩৪ হাজার ৪৯২, এবং ১১ থেকে ১৭ বছর বয়সের ৬২ হাজার ১৩৫ মোট ৯৬ হাজার ৬২৭ জন শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। এর মধ্যে ৫৩ হাজার ৬২৮ জন বালক এবং ৪২ হাজার ৯৯৯ জন বালিকা।